চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

২৫ মে ২০১৮ খ্রি.

১ নং পাহাড়তলী ওয়ার্ডে সিআইপি হাজী মো. সেলিম এর ইফতার সামগ্রী বিতরণ অনুষ্ঠানে মাননীয় মেয়র

২৫ মে ২০১৮ খ্রি. শুক্রবার, সকালে ফতেয়াবাদ ডিগ্রী কলেজ মিলনায়তনে নগরীর ১ নং পাহাড়তলী ওয়ার্ডে সিআইপি হাজী মো. সেলিম এর অর্থায়নে ১৫ শত রোজদার দুঃস্থ পরিবারের মাঝে ইফতার ও সেহেরী সামগ্রী বিতরণ করা হয়। ইফতার সামগ্রীর মধ্যে চাল, চনা, তেল, চিড়া ও চিনি ইত্যাদি ছিল। মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন এসকল দুঃস্থ পরিবারের মাঝে ইফতার ও সেহেরী সামগ্রীসমূহ তুলে দেন। এ উপলক্ষে অনুষ্ঠিত সমাবেশে প্রধান অতিথির ভাষনে মেয়র বলেন, আসন্ন জাতীয় সংসদ নির্বাচন দেশের মানুষের ভাগ্য পরিবর্তনের নির্বাচন। এ নির্বাচনের মধ্য দিয়ে আওয়ামীলীগকে নির্বাচিত করে এদেশকে মাদক, সন্ত্রাস ও জঙ্গীবাদ থেকে মুক্তি দিতে হবে। তিনি বলেন, বাংলাদেশ আজ সুনাম মর্যাদার সাথে সামনে এগুচ্ছে। জননেত্রী শেখ হাসিনার সুদক্ষ ও গতিশীল নেতৃত্বে দেশের মর্যাদা সর্বত্র ছড়িয়ে গেছে। এ ধারা অব্যাহত রাখতে গরীব দুখি সর্বস্তরের মানুষের সহযোগিতা প্রয়োজন। মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, সরকার দারিদ্র বিমোচনে বহুমুখি কর্মসূচি বাস্তবায়ন করে যাচ্ছে। এসকল কর্মসূচির মধ্যে একটি বাড়ী একটি খামার প্রকল্প, খাদ্য নিরাপত্তা বেষ্টনী প্রকল্প, বয়স্ক ও বিধবা ভাতা, প্রতিবন্ধী ভাতা, দুগ্ধ ভাতা, শিক্ষাবৃত্তি, উপবৃত্তি, বিনামূল্যে বই বিতরণ, বিনা বেতনে অধ্যয়নের মত বহুমুখী কল্যাণধর্মী কর্মকান্ড রয়েছে। এর ফলে বাংলাদেশের দরিদ্র জনগোষ্ঠীর ভাগ্যের পরিবর্তন ঘটছে। আ জ ম নাছির উদ্দীন কর্মক্ষম সকলকে কাজের মাধ্যমে জীবনের গতি প্রকৃতি পরিবর্তনে অবদান রাখার আহবান জানান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সমাজ সেবক জাহাঙ্গীর আলম। অনুষ্ঠানে সিআইপি হাজী মোহাম্মদ সেলিম, উপজেলা নির্বাহী কর্মকর্তা আকতার উন্ নেছা শিউলী,

কাউন্সিলর তৌফিক আহমেদ চৌধুরী, হাটহাজারী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বেলাল উদ্দিন জাহাঙ্গীর, উত্তর জেলা শ্রমিকলীগের সাধারন সম্পাদক এডভোকেট মোহাম্মদ শামীম, চিকনদন্ডী ইউনিয়নের চেয়ারম্যান হাসান জামান বাবু ও অধ্যক্ষ মোহাম্মদ ইদ্রিস সহ অন্যরা।। অনুষ্ঠান উপস্থাপনায় ছিলেন মহানগর ছাত্রলীগের সহ সম্পাদক মোহাম্মদ আবু সায়েম চৌধুরী। পরে মেয়র রোজাদারদের নিকট ইফতার সামগ্রী তুলে দেন।

২৫ মে ২০১৮ খ্রি.

২৭ নং দক্ষিণ আগ্রাবাদ ওয়ার্ড আওয়ামীলীগের কর্মী সভা, সদস্য নবায়ন ও ইফতার মাহফিলে মাননীয় মেয়র

২৭ নং দক্ষিণ আগ্রাবাদ ওয়ার্ড আওয়ামীলীগের কর্মী সভা,সদস্য নবায়ন ও ইফতার মাহফিলে প্রধান অতিথির ভাষনে চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের ভারপ্রাপ্ত সভাপতি মাহতাব উদ্দিন চৌধুরী বলেন, আওয়ামীলীগ বাংলার দুখি মানুষের ঠিকানা। এ সংগঠনের মাধ্যমে দুখি মানুষের মুখে হাসি ফুটানোর কর্মসূচি বাস্তবায়ন করছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, দূর্দিন দুঃসময়ে যারা সংঠনের চালিকা শক্তি হিসেবে জীবন বাজী রেখে দায়িত্ব পালন করে তারাই প্রকৃত সংগঠক। তিনি নিবেদিত প্রান কর্মীদের আওয়ামীলীগের পতাকা তলে সমবেত হওয়ার আহবান জানান। অনুষ্ঠানের প্রধান আলোচক চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাধারন সম্পাদক ও মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন আদর্শের প্রতি অকৃত্রিম বিশ্বাস ও ভালোবাসা যাদের আছেন সেধরনের সৎ চরিত্রবান ও সংগঠকদের সদস্য করে আওয়ামীলীগের অগ্রযাত্রাকে অব্যাহত রাখার আহবান জানিয়ে বলেন, আসন্ন জাতীয় সংসদ নির্বাচন জাতির ভাগ্য পরীক্ষার নির্বাচন। এ নির্বাচনের মধ্য দিয়ে দেশ থেকে মাদক, সন্ত্রাস ও জঙ্গীবাদের চির অবসান ঘটাতে হবে। তিনি বলেন, স্বাধীনতা বিরোধী অপশক্তি সুকৌশলে দেশ জাতির অগ্রগতি ও সমৃদ্ধির লাগাম টেনে ধরে দেশকে পেছনে ধাবিত করার ষড়যন্ত্রে লিপ্ত। তারাই ২০১৩ থেকে ২০১৪ পর্যন্ত এদেশে সন্ত্রাস, অগ্নি সন্ত্রাস ও মানুষ হত্যার মহোৎসবে লিপ্ত ছিল। তারা আজ ঘাপটি মেরে আছে। সুযোগ পেলে রাষ্ট্রীয় ক্ষমতা দখল করে দেশকে অকার্যকর রাষ্ট্রে পরিণত করার অপপ্রয়াস চালাবে। সেই

সকল অপশক্তির উত্থান রোধ করতে নেতাকর্মীদের ঐক্যবদ্ধ প্রয়াস প্রয়োজন। তিনি নেতা কর্মীদের ঐক্য কামনা করে বলেন, আওয়ামীলীগের সুফলগুলো এবং সরকারের সাফল্যগাথা সাধারন মানুষের কাছে পৌছে দিয়ে দলের কার্যক্রমকে প্রসারিত করতে হবে। তিনি যুদ্ধাপরাধী,মানবতাবিরোধী, সুযোগ সন্ধানী, সুবিধাভোগী, অনৈতিক ও অসৎ চরিত্রের কারোর আওয়ামীলীগে জায়গা নেই বলে উল্লেখ করে বলেন, যারা জীবনে ত্যাগ স্বীকার করতে প্রস্তুত, যারা দুঃখ যন্ত্রনাকে সহ্য করে মানুষের স্বার্থে সেবা করার মানষিকতা আছে তারাই আওয়ামীলীগের তৃণমূলের কর্মী। তাদের হাত ধরে বাংলাদেশ উন্নত রাষ্ট্রে পরিণত হবে। ২৫ মে ২০১৮ খ্রি. শুক্রবার, বিকেলে আগ্রাবাদ এক্সেস রোডস্থ বাদামতলী চত্বরে অনুষ্ঠিত কর্মী সমাবেশে সভাপতিত্ব করেন সংগঠনের ভারপ্রাপ্ত সভাপতি আবদুল আজিজ মোল্লা। সংগঠনের সাধারন সম্পাদক আবদুল্লাহ আল ইব্রাহিম এর সঞ্চালনায় অনুষ্ঠিত কর্মী সম্মেলনে বিশেষ অতিথি ছিলেন চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সহ সভাপতি আলহাজ্ব আলতাফ হোসেন চৌধুরী বাচ্চু। আরো বক্তব্য রাখেন আইন বিষয়ক সম্পাদক ও চট্টগ্রাম জেলা আইনজীবি সমিতির সভাপতি এডভোকেট শেখ ইফতখার সাইমুল চৌধুরী, শিল্প ও বাণিজ্য বিষয়ক সম্পাদক মাহবুবুল হক মিয়া, সমাজ কল্যান সম্পাদক লায়ন মোহাম্মদ হোসেন, শ্রম বিষয়ক সম্পাদক আবদুল আহাদ, কাউন্সিলর এইচ এম সোহেল সহ অন্যর। কর্মী সম্মেলনে বিশেষ অতিথির বক্তব্যে চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সহ সভাপতি আলহাজ্ব আলতাফ হোসেন চৌধুরী বাচ্চু বলেন, আওয়ামীলীগে সুবিধাভোগী,চাটুকার ও সুযোগ সন্ধানীদের কোন স্থান নেই। তিনি বলেন, নির্যাতন ও অত্যাচারের বিরুদ্ধে সংগ্রাম করার দৃপ্ত শপথ নিয়ে আওয়ামীলীগের কর্মীদের পথ চলা। এই সংগঠনের নেতৃত্বে বাংলাদেশের স্বাধীনতা অর্জিত হয়েছে। এই স্বাধীনতাকে চিরস্থায়ী করার জন্য নেতা কর্মীদের সুদৃঢ় ঐক্য প্রয়োজন। তিনি আরো বলেন, এক শ্রেনীর সুবিধাভোগী সময়ে সময়ে সরকারের আনুকূল্য লাভে নিজেদের আখের গোঁছানোর স্বার্থে চাটুকারিতা করে থাকে। সেকল সুবিধাভোগীদের চিহ্নিত করে সমাজ থেকে বিতাড়িত করতে হবে । কর্মী সম্মেলনে ১২ জন বিশিষ্ঠ ব্যক্তিকে নতুন সদস্য পদ প্রদান করা হয় এরা হলেন জাহাঙ্গীর আলম, মোস্তফা কামাল, আবুল কালাম, হাসমত আলী, আতাউর রহমান, ইসতেখার হালিম রনি, মোহাম্মদ রফিক, পারভিন আকতার, আবদুল মতিন, ইব্রাহিম হোসেন, জহির উদ্দিন পিন্টু ও মোহাম্মদ মুসা। এছাড়াও সদস্য নবায়ন পদ প্রদান করা হয় আলী আব্বাস,হোসনে আরা বেগম, এইচ এম সোহেল, আবদুল্লাহ আল

ইব্রাহিম, আবদুল আজিজ মোল্লা, জাফরুল হায়দার সবুজ ও হাছিউদ্দিন আলম রুমি সহ অন্যদের। চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের ভারপ্রাপ্ত সভাপতি মাহতাব উদ্দিন চৌধুরী ও সাধারন সম্পাদক আ জ ম নাছির উদ্দীন নতুন সদস্য ও নবায়ন ফরম সদস্যদের হাতে তুলে দেন।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন